# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 19.05.2024 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর-

১) ভোটব্যাঙ্ককে সন্তুষ্ট করার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এখন রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ এবং ইসকনের মতো প্রতিষ্ঠানের সন্ন্যাসীদের আক্রমণ করছেন বলে প্রবীন বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন।

তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জী বলেছেন, বিজেপি-র কাছ থেকে দেশপ্রেমের পাঠ নেবে না বাংলা।

২) প্রধানমন্ত্রী-র রাজ্য সফরের মধ্যেই তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন ঝাড়গ্রামের বিদায়ী বিজেপি সাংসদ কুনার হেমব্রম।

৩) পঞ্চম দফায় দেশের ৪৯-টি লোকসভা আসনে আগামীকাল ভোট গ্রহণের সব প্রস্তুতি সম্পূর্ণ। এরাজ্যের সাতটি আসনে বুথে মোতায়েন থাকছে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

৪) সুন্দরবনে চোরাশিকারীদের হাতে এক বনকর্মীর নিহত হওয়ার ঘটনায় উদ্বিগ্ন বন দফতর ও সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের আধিকারিকরা।

৫) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হওয়ায় দক্ষিণবঙ্গের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টি চলার পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটব্যাঙ্ককে সন্তুষ্ট করার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এখন রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ এবং ইসকনের মতো আন্তর্জাতিক পরিচিতির ধর্মীয় ও সেবা প্রতিষ্ঠানের সন্ন্যাসীদের আক্রমণ করছেন বলে প্রবীন বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন। পুরুলিয়া, বাঁকুড়া ও খড়গপুরের জ্যোতির্ময় সিং মাহাতো, সুভাষ সরকার, সৌমিত্র খাঁ এবং অগ্নিমিত্রা পালের সমর্থনে আয়োজিত জনসভায় আজ এই ইস্যুতে মুখ্যমন্ত্রীর কড়া সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, ভোটের স্বার্থে সমস্ত সীমা পার করেছেন মমতা ব্যানার্জি।

(বাইট)

রাজ্যের শিক্ষক নিয়োগ দুর্নীতি ও সন্দেশখালি প্রসঙ্গও উঠে আসে প্রধানমন্ত্রীর বক্তব্যে। তিনি বলেন, টিএমসির অর্থ হল- তুষ্টিকরণ, দুর্নীতি এবং পরিবারবাদ। তোষণের রাজনীতি করতে গিয়ে মুখ্যমন্ত্রী হিন্দু সমাজকে যে অপমান করছেন, মানুষ তা মেনে নেবে না।

উল্লেখ্য, গতকাল হুগলীর পোলবার জনসভায় মুখ্যমন্ত্রী – এই তিনটি প্রতিষ্ঠানের নাম করে, তাদের কয়েকজন সদস্য রাজনীতি করছেন বলে অভিযোগ করেছিলেন।

আজ পুরুলিয়া ও বাঁকুড়ায় দলীয় শান্তিরাম মাহাতো এবং অরূপ চক্রবর্তীর হয়ে পদযাত্রা করেন তৃনমূল কংগ্রেস প্রধান ।

অন্যদিকে, ঝাড়গ্রামের কালিপদ সোরেনের সমর্থনে এক জনসভায় বিজেপিকে তীব্র আক্রমণ করে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি বলেন, গত ১০ বছরে বিজেপি কি কাজ করেছে তার রিপোর্ট কার্ড প্রকাশ করতে তিনি বারবার বললেও বিজেপি সেই চ্যালেঞ্জ গ্রহণ করার সাহস দেখাতে পারেনি।

এই সভা মঞ্চেই ঝাড়গ্রামে বিজেপির বিদায়ী সাংসদ কুনার হেমব্রম আজ তৃনমূল কংগ্রেসে যোগ দেন। অভিষেকের কাছ থেকে দলীয় পতাকা হাতে তুলে নেন তিনি।

উল্লেখ্য, এবারের লোকসভা নির্বাচনে বিজেপি, চিকিৎসক প্রণত টুডুকে ঐ কেন্দ্রে প্রার্থী করেছে।

কেশপুরে, ঘাটালের প্রার্থী দেবের সমর্থনে প্রচার সভায় তিনি বলেন, বিজেপি ঔদ্ধত্য, দম্ভ এবং অহংকার ভেঙে চুরমার করতে হবে।

দেশপ্রেমের পাঠ বিজেপি-র থেকে নিতে তাঁরা রাজি নন বলেও মন্তব্য করেন অভিষেক।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০

পঞ্চম দফায় দেশের ৪৯-টি লোকসভা আসনে আগামীকাল ভোট নেওয়া হবে। এজন্য সব প্রস্তুতি সম্পূর্ণ। এর মধ্যে রয়েছে এরাজ্যের সাতটি আসন – বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, হুগলী, শ্রীরামপুর ও আরামবাগ। সকাল থেকেই ডিসিআরসি গুলিতে ভোট কর্মীদের ভীড় চোখে পড়ে। মোট ৮৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন ১ কোটি ২৫ লক্ষের বেশি ভোটদাতা।

আরামবাগ কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

এই দফায় ১৩ হাজারের বেশি বুথের ৫৮ শতাংশই সংকটপ্রবণ হিসেবে চিহ্নিত। অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণের জন্য নির্বাচন কমিশন সবরকমের ব্যবস্থা করেছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

(ভয়েসকাস্ট - অভিরূপ)

এদিকে, ভোটের আগে চার পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। এঁরা হলেন, পুরুলিয়ার পুলিশ সুপার অভিজিৎ ব্যানার্জি, পূর্ব মেদিনীপুরের কাঁথির এসডিপিও দিবাকর দাস, ভূপতিনগর থানার ওসি গোপাল পাঠক এবং পটাশপুর থানার ওসি রাজু কুন্ডু।

০০০০০০০০০০০০০০০

আগামীকাল রাজ্যের সাতটি আসনের ভোট পর্ব নিয়ে শুনবেন সংবাদ বিভাগের বিশেষ আলোচনা ---"জনমত --২০২৪, পঞ্চম দফার ভোট "। এতে অংশ নিয়েছেন দুই সাংবাদিক অমল সরকার ও জয়ন্ত বসু।
সঞ্চালনায় শঙ্কর মুখোপাধ্যায়।

অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮টা ৫মিনিট থেকে গীতাঞ্জলি এবং ১০৭ মেগাহার্টস প্রচার তরঙ্গে। সোশ্যাল মিডিয়াতেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০

পঞ্চম দফাতেও কয়েকটি বুলেটিনের সময়সীমা বাড়ছে। আগামীকাল দুপুর ১-টা ৪০-এর স্থানীয় সংবাদ ও বিকেল ৫-টা ১০-এর খবর হবে ১০ মিনিটের এবং সন্ধে ৭-টা ৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের।

০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্পর্কে মন্তব্য করার ব্যাপারে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীকে দলের সর্ব ভারতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে সতর্ক করার পর প্রদেশ কংগ্রেস দফতরের সামনে ব্যানার, হোর্ডিং-এ শ্রী খার্গের ছবিতে কালি লেপে দেওয়া নিয়ে চাঞ্চল্য ছড়ায়। এই কাজের নিন্দা করেছেন অধীর চৌধুরী। বিষয়টি নজরে আসতেই কংগ্রেস কর্মীরা ওই ব্যানার হোডিং সরিয়ে নেন।

০০০০০০০০০০০০০০০

সুন্দরবনে চোরাশিকারীদের হাতে এক বনকর্মীর নিহত হওয়ার ঘটনায় উদ্বিগ্ন বন দফতর ও সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের আধিকারিকরা। গতরাতে বোট নিয়ে নদীতে টহল দেওয়ার সময় বিদ্যা রেঞ্জ অফিসের অধীন নেতাধোপানি

ক্যাম্প এলাকায় বনকর্মীরা হরিণ শিকারীদের মুখোমুখি হন। দুপক্ষের মধ্যে শুরু হয় গুলির লড়াই। চোরাশিকারীদের ছোঁড়া গুলিতে ঘটনাস্থলেই মৃত্যু হয় অমলেন্দু হালদার নামে ঐ বনকর্মীর। তাঁর মাথায় কুড়ুলের আঘাতের চিহ্নও রয়েছে বলে বনদপ্তর ও পুলিশ সূত্রে খবর।

রায়দিঘির বাসিন্দা, ৫৯ বছর বয়সী অমলেন্দুবাবুর সঙ্গে ছিলেন আরও পাঁচজন। আজ ভোরে তাঁরা দেহ নিয়ে ফেরেন। সুন্দরবন কোস্টাল থানায় খুনের মামলা রুজু করা হয়েছে।

দুষ্কৃতিদের খোঁজে ব্যাপক তল্লাশি শুরু করেছে বনদপ্তর।

০০০০০০০০০০০০০০০০০

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হওয়ায় বঙ্গোপোসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করছে। এর প্রভাবে আগামী বুধবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

আগামীকাল কমলা সতর্কতা জারি করা হয়েছে – দুই ২৪ পরগনা, পূর্ব বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার জন্য। ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

আবহাওয়া দফতরের আঞ্চলিক অধিকর্তা সোমনাথ দত্ত জানিয়েছেন –

(বাইট – সোমনাথ)

০০০০০০০০০০০০০০

করোনা ভাইরাসের অমিক্রন ভ্যারিয়েন্টের নতুন উপপ্রজাতি কেপি টু-তে এখনো পর্যন্ত রাজ্যের ৩০ জন আক্রান্ত হয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের তরফে এই পরিসংখ্যান প্রকাশ করা হয়েছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে। গত চার মাসে বেশ কিছু রোগীর নমুনা জিনোম সিকোয়েন্সিং এর জন্য পাঠানো হয়। সেই নমুনা পরীক্ষাতেই খোঁজ মিলেছে এই উপপ্রজাতির। অতি সংক্রামক কেপি 2 ওরফে ফ্লার্ট, মহারাষ্ট্রেও দ্রুত ছড়াচ্ছে।

oooooooooooooooo

ooooooooooooooooo